উপজেলা পরিষদ কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।

বোরহানউদ্দিন উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।

স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বোরহানউদ্দিন, ভোলা।

তারিখ: ২৮ ডিসেম্বর, ২০২০ খ্রি. রোজ: সোমবার, সময়: দুপুর ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের হাজিরা আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ আছে

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানো হলে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকন্ড নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১	**উপজেলা কৃষি বিভাগ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরহানউদ্দিন উপজেলায় বোরো হাইব্রিড ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৪২০০ জন চাষীর মাঝে বিনামূল্যে প্রত্যেককে ২ কেজি হারে বোরো হাইব্রিজ ধান বীজ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়াও কুতুবা ইউনিয়নের লক্ষ্মীপুর ব্লকে ৫০ একর জমিতে হাইব্রিড ধান চাষের লক্ষ্যে ৮৫ জন কৃষক নির্বাচনপূর্বক কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্মকান্ড স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	ক. বোরো হাইব্রিড ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৪২০০ জন চাষীর মাঝে বিনামূল্যে প্রত্যেককে ২ কেজি হারে ব্লক ভিত্তিক বোরো হাইব্রিজ ধান বীজ যথাযথভাবে বিতরণ করা হবে; খ. লক্ষ্মীপুর ব্লকের ৮৫ জন কৃষক নির্বাচনপূর্বক কৃষি উপকরণ বিতরণ করবেন।	উপজেলা কৃষি অফিসার
২.	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্দকৃত ২৩৪টি গভীর নলকূপের মধ্যে ১৩৫টি নলকূপের বোরিং ইতোমধ্য সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট ৯৯টি গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান। উক্ত প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে বরাদ্দকৃত ৬৪টি গভীর নলকূপের মধ্যে ৫০টি নলকূপের বোরিং সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ১৪টি নলকূপের বোরিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	ক. নলকূপ স্থাপন কাজের গুণগতমান সঠিক রাখতে হবে; খ. অবশিষ্ট মোট ১১৩টি নলকূপ দ্রুত সময়ের মধ্যে স্থাপন করতে হবে; গ. নলপূক বোরিং কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।	উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৩.	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের জন্য কর্মিভিত্তিক কাজের লক্ষ্যমাত্রা নির্ধারণের কার্যক্রম চলমান। ইউনিয়ন ভিত্তিক দীর্ঘ মেয়াদী পদ্ধতির ক্যাম্প নির্ধারণ করা হয়েছে। এছাড়া মা ও শিশু স্বাস্থ্যের কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে কাজ করা হচ্ছে। তিনি আরও জনান করোনাকালীন বিষয়ে জনসচেতনতামূলক প্রচার প্রচারণ কার্যক্রম চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, আসন্ন	ক. লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে; খ. করোনা বিষয়ে নিয়মিত স্বাস্থ্য সচেতনতামূলক প্রচার অব্যাহত রাখতে হবে; গ. স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হতে RFQ পদ্ধতিতে মাস্ক ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

মোঃ সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
	শীত মৌসুমে করোনাভাইরাস প্রতিরোধে কল্পে জনসারণের মধ্যে মাস্ক বিতরণের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে ১.০০ (এক) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। যা শুধুমাত্র 'মাস্ক' ক্রয় খাতে ব্যয় করা যাবে। সভায় বরাদ্দকৃত অর্থ RFQ পদ্ধতিতে 'মাস্ক ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।		
৪.	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, সকল ইউনিয়ন হতে ২০২১-২০২২ ভিজিডি চক্রে উপকারভোগীদের তালিকা পাওয়া গিয়েছে। আগামী জানুয়ারি-২০২১ মাস হতে তালিকাভূক্ত উপকারভোগীগণ এ সুবিধা পাবেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।	নীতিমালার আলোকে উপজেলা ভিডিজি কমিটি কর্তৃক তালিকা যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করা হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
৫	**উপজেলা মৎস্য দপ্তর** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, করোনাকালীন সহযোগিতার জন্য বিশ্বব্যাংকের নির্দেশনা মোতাবেক ১১৩ জন মৎস্যচাষীর তালিকা উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। অবৈধ জাল ও স্থাপনা (খুঁটি) উচ্ছেদে সরকারি বরাদ্দের অপ্রতুলতা ও সীমাবদ্ধতার কথা সভায় আলোচিত হয়। সিনিয়র উপজেলা মৎস্য অফিস রুমের অভ্যন্তরে একটি হার্ডবোর্ড নির্মিত পার্টিশন দেয়ার প্রস্তাব সভায় উত্থাপন করেন। মৎস্যসম্পদ রক্ষায় অভিযান পরিচালনা ও জনসচেতনতা বৃদ্ধিতে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	ক. মৎস্য অফিসের অভ্যন্তরে একটি হার্ডবোর্ড নির্মিত পার্টিশন করে দেওয়া হবে; খ. মৎস্যসম্পদ রক্ষায় অভিযান পরিচালনা ও জনসচেতনতা বৃদ্ধিতে উপজেলা পরিষদ থেকে বরাদ্দ প্রদান করা হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
৬	**উপজেলা পল্লী উন্নয়ন** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। খেলাপী ঋণ আদায়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	দারিদ্র্য বিমোচনে উৎপাদনমুখী প্রকল্পে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা ২. ইউপি চেয়ারম্যান (সকল)
৭	**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** মাধ্যমিক শিক্ষা অফিসার এবং একাডেমিক সুপারভাইজার সভায় অনুপস্থিত ছিলেন বিধায় সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা সম্ভব হয়নি।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পরবর্তী সভায় ব্যক্তিগত উপস্থিতি নিশ্চিত করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
৮.	**প্রাথমিক শিক্ষা বিভাগ** প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, আগামী পহেলা জানুয়ারি ২০২১ সকল প্রাথমিক বিদ্যালয়ে একযোগে বই বিতরণ করা হবে। এবছর বৈশ্বিক মহামারির কারণে উপজেলা ভিত্তিক বই উৎসব হবে না। এবছর শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা না হওয়ায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ করা হবে।	নির্ধারিত তারিখে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ নিশ্চিত করতে হবে।	১. উপজেলা শিক্ষা অফিসার ২. প্রধান শিক্ষক (সকল)
৯	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	ইউনিয়ন পরিবার পরিকল্পনা সহকারীদের সেবা প্রদান কার্যক্রম তদারকি করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

মোঃ সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১০	**উপজেলা সমাজসেবা দপ্তর:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বয়স্কভাতা, বিধবা/স্বামী পরিত্যাক্তাভাতা, প্রতিবন্ধিভাতা এবং মুক্তিযোদ্ধা সম্মানিভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।	সামাজিক বেষ্টনীয় আওতায় সকল ভাতাভোগীদের তথ্য MIS এ এন্ট্রির করতে হবে।	১. উপজেলা সমাজসেবা অফিসার ২. চেয়ারম্যান, ইউপি (সকল)
১১	**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ২০২০-২০২১ অর্থবছরে ডিসেম্বর/২০২০ পর্যন্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী ৭৫ জন যুব-যুবতীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এই অর্থবছরে ২৭৫৬ জন যুব-যুবতীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিসেম্বর/২০২০ পর্যন্ত ৩২ জনকে ১৩,১০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়েছে। অত্র দপ্তরের বিতরণ ও আদায়ের হার ১০০% এবং অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে।	ক. আত্মকর্মসংস্থা সৃষ্টির লক্ষ্যে যুব-যুবতীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষিত করতে হবে; খ. ঋণ আদায়ে সর্বোচ্চ আন্তরিক হতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১২	**উপজেলা সমবায় বিভাগ** উপজেলা সমবায় কর্মকর্তা জানান, ২০১৯-২০২০ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী সমবায় সমিতির বার্ষিক অডিট সম্পাদন করা হয় এবং অডিট ফি ও সিডিএফ আদায় করে সরকারি কোষাগারে টাকা জমা প্রদান করা হয়। সভায় আরও জানান, পদ্মামনসা আশ্রয়ণ-২ প্রকল্পে প্রায় ২২,০০,০০০/- টাকা তহবিল হিসাবে আছে। কবুলিয়াত দলিল না থাকায় ব্যারাকের সদস্যদের মধ্যে ঋণ প্রদান করা সম্ভব হয়নি। দপ্তরের অন্যান্য কাজ স্বভাবিকভাবে চলছে।	পদ্মমনসা আশ্রয়ণ-২ প্রকল্পের ব্যারকে থাকা সকল সদস্যদের কবুলিয়াত দলিল দ্রুত সময়ের মধ্যে সম্পাদন করবেন।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. সহকারী কমিশনার (ভূমি) ৩. উপজেলা সমবায় অফিসার
১৩	**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে বোরহানউদ্দিন উপজেলার বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ২৮/১২/২০২০ তারিখ সকাল ০৯:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের সভাকক্ষে এডিপির প্রকল্প বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পসমূহ গ্রহণের যথার্থতা ও যৌক্তিকতার বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে ৮২টি প্রকল্প গ্রহণের জন্য প্রাথমিকভাবে সুপারিশ করা হয় এবং এর জন্য ব্যয় প্রাক্কলন করা হয় ১ কোটি ৮০ লক্ষ ৫০ হাজার টাকা। **(প্রকল্প তালিকা-সংযুক্তি 'ক')** সভায় আলোচনান্তে প্রকল্পসমূহ পিপিআর ২০০৮ ও উপজেলা পরিষদ ম্যানুয়ালের আলোকে ইজিপি LTM, RFQ এবং PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। সিদ্ধান্তসমূহ ও প্রকল্পের তালিকা সদস্যদের হাজিরাসহ উপজেলা পরিষদের ২০২০/১৫২ স্মারকের রেজুলেশনে বর্ণিত রয়েছে। উপজেলা প্রকৌশলী আরও জানান, তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	সভায় বিভিন্ন দপ্তর, সংস্থা ও জনপ্রতিনিধিদের নিকট হতে প্রাপ্ত প্রকল্পের ভিত্তিতে মোট ৮২টি প্রকল্প ২০২০-২০২১ অর্থবছরে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বরাদ্দ ব্যয় প্রাক্কলন করা হয় ১ কোটি ৮০ লক্ষ ৫০ হাজার টাকা। **(প্রকল্প তালিকা-সংযুক্তি 'ক')**	১. উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ২. ইউপি চেয়ারম্যান (সকল)
১৪	আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক). সমন্বয়কারী, আবাআখা প্রকল্প সভায় জানান যে, সমিতির সদস্যদের মাঝে বিপুল পরিমাণ ঋণ বিতরণ	ক. আমার বাড়ি আমার খামার প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে মাঠকর্মীদের জোর তাগিদ প্রদান	১. সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প

মোঃ সাইদুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
	করা হয়েছিল। এ পর্যন্ত বিতরণকৃত ঋণের মধ্যে প্রায় ০৫ (পাচঁ) কোটি টাকা খেলাপী ঋণ রয়েছে। সদস্যদেরকে বার বার তাগিদ দেয়া সত্ত্বেও ঋণ পরিশোধ করছেন না। প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	করতে হবে; খ. আগামীতে ঋণ প্রদানের সময় চেয়ারম্যান কর্তৃক ছবি ও জাতীয় পরিচয়পত্র সত্যায়িত করতে হবে; গ. ঋণ অনাদায়ে প্রয়োজনে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।	২. চেয়ারম্যান (ইউপি সকল)
১৫	**প্রাণিসম্পদ অধিদপ্তর** প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, দাপ্তরি সমস্ত কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে।	শীতকালীন সময়ে বিভিন্ন রোগ প্রতিরোধে নিয়মিত টিকা প্রদান কার্যক্রম যথাযথভাবে তদারকী করার জন্য অনুরোধ জানান।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
১৬	**বিবিধ** (ক) উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (২০১১ সালে অধিকতর সংশোধিত) এর ধারা ২৯ অনুযায়ী উপজেলা পরিষদ কার্যাবলি সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে ১৭টি বিষয়ে স্থায়ী কমিটি গঠন করা হয়। **(কমিটির তালিকা-সংযুক্তি 'খ')** (খ) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের নভেম্বর ২০২০ মাসের সম্মানিভাতা এবং ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। (গ) মহান বিজয় দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে ব্যয়িত ৪৭,৪০০/- (সাত চল্লিশ হাজার চারশত) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের সার্বিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের স্টিলের আলমিরা ক্রয় বাবদ ১৬,১২০/- (ষোলো হাজার একশত বিশ) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। (ঙ) কম্পিউটার সামাগ্রী মেরামত (হার্ড ডিক্স, ডিডিআর-৩ র‍্যাম, মাদার বোর্ড, পাওয়ার সাপ্লাই) বাবাদ ২২,৩১২/- (বাইশ হাজার তিনশত বারো) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	(ক) উপজেলা পরিষদ কার্যাবলি সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে গঠিত ১৭টি বিষয়ে স্থায়ী কমিটি অনুমোদন করা হয়। (খ) উপজেলা পরিষদের চেয়ারম্যানের সম্মানি ও বাড়ি ভাড়া বাবদ ৪৫,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা হারে নভেম্বর-২০২০ মাসের সম্মানিভাতা বাবদ মোট ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের ১১,২৫০/- টাকা, ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা হারে নভেম্বর-২০২০ মাসের ভ্রমণ ভাতা বাবদ মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট =১,৩০,২৫০/- (এক লক্ষ ত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা সভায় অনুমোদিত সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) মহান বিজয় দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে ব্যয়িত ৪৭,৪০০/- (সাত চল্লিশ হাজার চারশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের সার্বিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের স্টিলের আলমিরা ক্রয় বাবদ ১৬,১২০/- (ষোলো হাজার একশত বিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (ঙ) কম্পিউটার সামাগ্রী মেরামত (হার্ড ডিক্স, ডিডিআর-৩ র‍্যাম, মাদার বোর্ড, পাওয়ার সাপ্লাই) বাবাদ ২২,৩১২/- (বাইশ হাজার তিনশত বারো) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২. উপজেলা নির্বাহী অফিসার ৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ৪. মহিলা ভাইস চেয়ারম্যান ৫. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল)

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
	(চ) ফটোকপিয়ার মেরামত (সার্কিট, টোনার, বেল্ট, এলসিডি) বাবদ ২১,১২৬/- (একুশ হাজার একশত ছাব্বিশ) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। (ছ) বর্জ্য অপসারণ/ পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ১৪,৪০০/- (চোদ্দো হাজার চারশত)টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। (জ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কনফারেন্স রুমের টেবিল চেয়ার মেরামত বাবদ ১২,৪০০/- (বারো হাজার চারশত) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	(চ) ফটোকপিয়ার মেরামত (সার্কিট, টোনার, বেল্ট, এলসিডি) বাবদ ২১,১২৬/- (একুশ হাজার একশত ছাব্বিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (ছ) বর্জ্য অপসারণ/ পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ ১৪,৪০০/- (চোদ্দো হাজার চারশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (জ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কনফারেন্স রুমের টেবিল চেয়ার মেরামত বাবদ ১২,৪০০/- (বারো হাজার চারশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং- স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.০৬.০০২.২০-৮১৭/১(২৯) তারিখ: ১৪ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ / ২৮ ডিসেম্বর ২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ভোলা-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৭. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
৮. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
৯. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১০. উপজেলা .... কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১১. চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১২. জনাব .... সদস্য উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১৩. সংরক্ষণ নথি।

২৮/১২/২০২০

মো. সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।